

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৪/১২

তারিখ : ১০ ফেব্রুয়ারী, ২০২৪

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ শতভাগ রাষ্ট্রনিমুখী তৈরী পোশাক শিল্পে Biometric Workers' Database যথাযথ ভাবে প্রতিপালন
ও নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী ও সদস্যবৃন্দ,


আসসালামু আলাইকুম।

আপনি অবগত আছেন যে, বিগত ২০১৩ সাল থেকে বিজিএমইএ'র সদস্যভুক্ত শতভাগ রাষ্ট্রনিমুখী তৈরী পোশাক
শিল্প কারখানায় Biometric Workers' Database চালু করেছে। বায়োমেট্রিক সিস্টেম চালুর পর থেকে
অদ্যবধি অধিকাংশ কারখানায় তা প্রতিপালন করা হলেও কিছু কিছু কারখানায় তা প্রতিপালিত হচ্ছে না, এমনকি
অধিকাংশ কারখানা কর্তৃপক্ষ নিয়মিত তা হালনাগাদও করছেন না। এতে করে শ্রমিক-কর্মচারীদের যাবতীয় তথ্য
সঠিক ভাবে পাওয়া যাচ্ছে না। ফলে কোন শ্রমিক-কর্মচারী আহত বা নিহত হলে কেন্দ্রীয় তহবিল থেকে ক্ষতিপূরণ
পাওয়া, চিকিৎসার জন্য আর্থিক সুবিধা পাওয়া, "Employment Injury Scheme (EIS)" প্রকল্পের আওতায়
সুবিধা পাওয়া এবং সন্তানদের লেখাপড়ার ব্যয় মিটানোর জন্য বৃত্তি পাওয়ার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হয়। শ্রমিক-
কর্মচারী কোন দুর্ঘটনায় পতিত হলে রক্তের প্রয়োজন হয়। চিকিৎসার স্বার্থে রক্তের গ্রাহণ জানা না থাকলে জরুরী
ভিত্তিতে রক্ত সংগ্রহ করা সম্ভব হয়না। এ ছাড়াও শ্রমিক-কর্মচারীদের প্রকৃত পরিসংখ্যান সংরক্ষণ করা ও
অনিয়মতাত্ত্বিক মাইঞ্চেন রোধ করা সম্ভব হয়না।

বায়োমেট্রিক সিস্টেম নিয়মিত হালনাগাদ করা হলে আহত বা নিহত শ্রমিক-কর্মচারীর কেন্দ্রীয় তহবিল থেকে
ক্ষতিপূরণ পাওয়া, চিকিৎসার জন্য আর্থিক সুবিধা পাওয়া, "Employment Injury Scheme (EIS)" প্রকল্পের
আওতায় সুবিধা পাওয়া ও সন্তানদের লেখাপড়ার জন্য বৃত্তি পাওয়া সহজতর হয় এবং দুর্ঘটনায় পতিত হয়ে
রক্তের প্রয়োজন হলে জরুরী ভিত্তিতে রক্ত সংগ্রহ করা যায়। শ্রমিক-কর্মচারীদের আর্থিক সুবিধা পাওয়া, চাকুরী
নিয়ন্ত্রণ ও অনিয়মতাত্ত্বিক মাইঞ্চেন রোধ করাসহ শ্রমিক-কর্মচারীদের প্রকৃত পরিসংখ্যান সংরক্ষণ করতে
বায়োমেট্রিক সিস্টেম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে বিজিএমইএ মনে করে।

অতএব, যেসকল পোশাক শিল্প কারখানা কর্তৃপক্ষ এখনো বায়োমেট্রিক সিস্টেম প্রতিপালন করেননি বা নিয়মিত
হালনাগাদ করেননি, সেসকল কারখানা কর্তৃপক্ষকে অনতিবিলম্বে বায়োমেট্রিক সিস্টেম প্রতিপালন ও নিয়মিত
হালনাগাদ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

বিষয়টি অতীব জরুরী। এ বিষয়ে আপনার সার্বিক সহযোগীতা কামনা করছি।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •